2025/FYUG/ODD/SEM/
BNGAEC–101T/021

FYUG Odd Semester Exam., 2025

BENGALI

(1st Semester)

Course No. : BNGAEC–101T

(ভাষাতত্ত্ব ও উনিশ শতকের বাংলা সাহিত্য)

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ২০

সময় : ২ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

UNIT—I

১। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) আগন্তুক শব্দ কাকে বলে ?

(খ) তৎসম শব্দের একটি উদাহরণ লেখো।

(গ) 'সরকার' শব্দটি বাংলায় কোন্ ভাষা থেকে এসেছে ?

(ঘ) বাংলার একজন ভাষাতাত্ত্বিকের নাম লেখো।

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) পর্তুগিজ শব্দ থেকে বাংলায় এসেছে এরূপ দুটি শব্দের উল্লেখ করো।

(খ) টীকা লেখো : বিদেশি শব্দ।

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) বাংলা শব্দভাণ্ডারের অন্তর্গত আগন্তুক শব্দগুলির পরিচয় দাও।

(খ) উদাহরণসহ তদ্ভব শব্দের সংক্ষিপ্ত পরিচয় দাও।

UNIT—II

৪। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) কোন্ রীতিতে ক্রিয়াপদ ও সর্বনামের সংক্ষিপ্ত রূপ ব্যবহৃত হয়?

(খ) তৎসম বা সংস্কৃত শব্দের ব্যবহার কোন্ রীতিতে বেশি?

(গ) বাংলা গদ্যে চলিত রীতির যে কোনো একজন পৃষ্ঠপোষকের নাম লেখো।

(ঘ) 'যাব' শব্দটিকে সাধুভাষায় পরিবর্তিত করো।

৫। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ২

(ক) সাধু রীতি থেকে চলিত রীতিতে দুটি সর্বনাম পদের রূপান্তর দেখাও।

(খ) চলিত রীতির দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

৬। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) সাধু রীতির পাঁচটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

(খ) সাধু ও চলিত ভাষার উদাহরণসহ পাঁচটি পার্থক্য লেখো।

UNIT—III

৭। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) বাংলায় স্বরবর্ণ কয়টি?

(খ) আকাদেমি বানান অনুসারে ক্রিয়াপদের কোন্ রূপের শেষ বর্ণে ও-কার বর্জনীয়?

(গ) আকাদেমি বানান অনুসারে অনুজ্ঞাবাচক শব্দের ক্রিয়ার শেষ ব্যঞ্জনে কী চিহ্ন ব্যবহার হয়?

(ঘ) আকাদেমি বানান অনুসারে মূল তৎসম শব্দের ঈ-কার ঊ-কার কখন রক্ষিত হয়?

৮। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ২

(ক) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি অনুসারে বিদেশি বানানের ক্ষেত্রে 'ষ' এবং 'স'-এর মধ্যে কোনটি ব্যবহৃত হয়? এর একটি উদাহরণ দাও।

(খ) আকাদেমি বানান মতে 'আলি' প্রত্যয় যুক্ত শব্দে 'ই'-কার হবে না 'ঈ'-কার হবে? একটি শব্দের উল্লেখ করে বুঝিয়ে দাও।

৯। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি গৃহীত বাংলা বানানবিধির যে কোনো পাঁচটি বৈশিষ্ট্য লেখো।

(খ) অশুদ্ধি সংশোধন করো (যে কোনো **পাঁচটি**) :

শশিভুষণ ; উচ্ছ্বাস ; শারিরীক ; মুমুর্ষ ; পরিস্কার ; সায়াহ্ন ; সাম্প্রাষিক ; কৌতুহল।

UNIT—IV

১০। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) 'বঙ্গভাষা' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

(খ) 'মায়ের দেওয়া মোটা কাপড়' কবিতাটি কোন্ প্রেক্ষাপটে রচিত?

(গ) মানকুমারী বসুর জন্ম কবে হয়েছিল?

(ঘ) 'মজিনু বিফল তপে অবরেণ্যে বরি ;'—কোন্ কবিতার অংশ?

১১। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ২

(ক) 'উনবিংশ শতকের গীতিকবিতা সংকলন'—এর সম্পাদক দুজনের নাম লেখো।

(খ) 'আয়রে আমরা মায়ের নামে এই প্রতিজ্ঞা করব ভাই ;' — এখানে কী প্রতিজ্ঞার কথা বলা হয়েছে ?

১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) 'বঙ্গভাষা' কবিতার সারমর্ম লেখো।

(খ) 'স্বাধীনতা সঙ্গীত' কবিতায় কবির যে ভাবনার পরিচয় পাওয়া যায় তা ব্যাখ্যা করো।

UNIT—V

১৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) কপালকুণ্ডলা কে ?

(খ) 'কপালকুণ্ডলা' উপন্যাসের প্রথম খণ্ডে কালিদাসের কোন্ সংস্কৃত কাব্যের নাম উল্লেখ আছে ?

(গ) কপালকুণ্ডলার পালকপিতার নাম কী ?

(ঘ) নবকুমারের বাড়ি কোথায় ছিল ?

১৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) 'কপালকুণ্ডলা' উপন্যাসের কয়টি খণ্ড ? প্রথম খণ্ডে কয়টি পরিচ্ছেদ রয়েছে ?

(খ) ''পথিক তুমি কি পথ হারাইয়াছ ?'' উক্তিটি কে, কাকে করেছিল ?

১৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) 'কপালকুণ্ডলা' উপন্যাসের প্রথম খণ্ড অবলম্বনে নবকুমার চরিত্রটি বিশ্লেষণ করো।

(খ) ''বুঝিলেন যে, এ ব্যক্তি কাপালিক।'' কাপালিক সম্বন্ধে নবকুমারের এই ভাবের প্রেক্ষাপট বিশ্লেষণ করো।

★ ★ ★

2025/FYUG/ODD/SEM/
BNGDSC-101T/017

FYUG Odd Semester Exam., 2025

BENGALI

(1st Semester)

Course No. : BNGDSC-101T

[বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)]

পূর্ণমান : ৭০
উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

UNIT—I

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে প্রকাশিত 'চর্যাপদ'-এর সংকলনটির নাম কী? এটি কবে প্রকাশিত হয়?

(খ) 'চর্যাপদ'-এ মোট কতজন পদকর্তার উল্লেখ পাওয়া যায়? গ্রন্থটির প্রথম পদটির রচয়িতা কে?

(গ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কার রচনা? কাব্যটিতে মোট কতটি খণ্ড রয়েছে?

(Turn Over)

Scanned with OKEN Scanner

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'চর্যাপদ' গ্রন্থটিতে তৎকালীন সমাজ-জীবনের যে পরিচয় পাওয়া যায় তা সংক্ষেপে আলোচনা করো।

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটির বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করে কাব্যটির রচয়িতার কৃতিত্বের পরিচয় দাও।

UNIT—II

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যটি কোন্ শতকের রচনা? কাব্যটির রচয়িতার নাম কী?

(খ) কবি কৃত্তিবাস কোন্ গ্রামের অধিবাসী ছিলেন? তাঁর অনূদিত 'রামায়ণ' গ্রন্থটির নাম কী?

(গ) কাশীরাম দাস ছাড়া 'মহাভারত'-এর দুজন অনুবাদকের নাম লেখো।

৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) কবি কাশীরাম দাসের পরিচয় দিয়ে তাঁর কবি-প্রতিভার বৈশিষ্ট্য আলোচনা করো।

(খ) কবি কৃত্তিবাস ওঝার কবি পরিচিতি ও সংক্ষিপ্ত জীবনতথ্য উল্লেখ করে অনুবাদক হিসেবে তাঁর অবদান আলোচনা করো।

(Continued)

Scanned with OKEN Scanner

UNIT—III

২×২=৪

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) 'মনসামঙ্গল' কাব্যের আদিকবি কে? কোন্ কবি তাঁর কাব্যে এই কবিকে 'মনসামঙ্গল'-এর আদিকবি বলে উল্লেখ করেছেন?

(খ) 'চণ্ডীমঙ্গল' কাব্যে কয়টি খণ্ড আছে? খণ্ডগুলির নাম লেখো।

(গ) 'অন্নদামঙ্গল' কাব্যটি কত খ্রিস্টাব্দে রচিত হয়? কাব্যে সর্বমোট কয়টি খণ্ড আছে?

১০

৬। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও :

(ক) 'মনসামঙ্গল' কাব্যের কবি বিজয়গুপ্তের কবি পরিচিতিসহ তাঁর কাব্য-বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করো।

(খ) 'অন্নদামঙ্গল' কাব্য রচনায় ভারতচন্দ্রের কবি-কৃতিত্বের পরিচয় দাও।

UNIT—IV

২×২=৪

৭। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও :

(ক) কবি কৃষ্ণদাস কবিরাজের পিতা ও মাতার নাম কী?

(খ) 'চৈতন্যলীলার ব্যাস' বলে কাকে অভিহিত করা হয়েছিল? তাঁর রচিত কাব্যটির নাম কী?

(গ) 'দ্বিতীয় বিদ্যাপতি' কে? কোন্ ভাষায় পদ রচনা করে তিনি কৃতিত্বের পরিচয় দিয়েছেন?

Scanned with OKEN Scanner

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) কবি বৃন্দাবন দাস রচিত 'চৈতন্যভাগবত' গ্রন্থটির সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

(খ) বৈষ্ণব পদ রচনায় চণ্ডীদাসের কবি-কৃতিত্ব আলোচনা করো।

UNIT—V

৯। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) কবি দৌলত কাজী কোন্ সময়ে, কোথায় জন্মগ্রহণ করেন?

(খ) 'পদ্মাবতী' কাব্যটি কে রচনা করেন? এটি কোন্ কবির কাব্য অবলম্বনে রচিত হয়েছিল?

(গ) শাক্ত পদাবলীর দুজন উল্লেখযোগ্য কবির নাম উল্লেখ করো।

১০। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) মধ্যযুগের বাংলা সাহিত্যে কবি দৌলত কাজীর কবি-কৃতিত্ব সম্পর্কে আলোচনা করো।

(খ) শাক্ত পদ রচনায় কমলাকান্তের কবি-প্রতিভার পরিচয় দাও।

★ ★ ★

Scanned with OKEN Scanner

FYUG Odd Semester Exam., 2025

BENGALI

(1st Semester)

Course No. : BNGDSC–102T

[বাংলা সাহিত্যের ইতিহাস (উনিশ শতক)]

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

UNIT—I

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) ফোর্ট উইলিয়াম কলেজের সঙ্গে যুক্ত দুজন বাঙালি লেখকের নাম লেখো।

(খ) রাজা রামমোহন রায় রচিত দুটি গ্রন্থের নাম লেখো।

(গ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের প্রথম প্রকাশিত গ্রন্থ কোনটি? এটি কবে প্রথম প্রকাশিত হয়?

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) বাংলা গদ্যসাহিত্য চর্চায় ফোর্ট উইলিয়াম কলেজের অবদান আলোচনা করো।

(খ) বাংলা গদ্যের বিকাশে রাজা রামমোহন রায়-এর অবদান আলোচনা করো।

Scanned with OKEN Scanner

UNIT—II

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'যুগসন্ধির কবি' কাকে বলা হয়? তিনি কোন্ পত্রিকা সম্পাদনা করতেন?

(খ) মধুসূদন দত্তের পিতার নাম কী? মধুসূদনের প্রথম কাব্যগ্রন্থের নাম কী?

(গ) 'ভোরের পাখি' অভিধায় কোন্ কবিকে ভূষিত করা হয়? তাঁর প্রথম কাব্যগ্রন্থটির নাম কী?

৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) কবি মধুসূদন দত্তের কাব্যকৃতির পরিচয় দাও।

(খ) কবি ঈশ্বরগুপ্তের কবি-কৃতির পরিচয় দাও।

UNIT—III

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'নীলদর্পণ' নাটকটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছে? নাটকটির ইংরাজি অনুবাদটির নাম কী?

(খ) মধুসূদন দত্তের প্রথম প্রকাশিত নাটক কোনটি? নাটকটির প্রকাশকাল কত?

(গ) গিরিশচন্দ্র ঘোষের যে কোনো দুটি পৌরাণিক নাটকের নাম লেখো।

Scanned with OKEN Scanner

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) দীনবন্ধু মিত্রের নাট্যকৃতির পরিচয় দাও।

(খ) বাংলা নাট্য-সাহিত্যের ইতিহাসে রামনারায়ণ তর্করত্নের অবদান আলোচনা করো।

UNIT—IV

৭। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) বঙ্কিমচন্দ্রের দুটি সামাজিক উপন্যাসের নাম লেখো।

(খ) প্যারীচাঁদ মিত্র কোন্ ছদ্মনামে উপন্যাস লিখেছেন? 'আলালের ঘরের দুলাল' উপন্যাসের প্রকাশকাল লেখো।

(গ) 'গল্পগুচ্ছ'-এর কয়টি খণ্ড রয়েছে? রবীন্দ্রনাথের প্রথম সার্থক ছোটগল্প কোনটি?

৮। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) বাংলা আখ্যানের ধারায় প্যারীচাঁদ মিত্রের অবদান আলোচনা করো।

(খ) উনিশ শতকের বাংলা গল্পধারায় স্বর্ণকুমারী দেবীর অবদান আলোচনা করো।

Scanned with OKEN Scanner

UNIT—V

৯। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'আমার জীবন' আত্মজীবনীটি কার লেখা? এটি কত সালে প্রকাশিত হয়?

(খ) বিনোদিনী দাসী অভিনীত দুটি নাটকের নাম লেখো।

(গ) দেবেন্দ্রনাথ ঠাকুরের যে কোনো দুটি গ্রন্থের নাম লেখো।

১০। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) বাংলা আত্মকথামূলক রচনার ইতিহাসে শিবনাথ শাস্ত্রীর অবদান আলোচনা করো।

(খ) 'আমার কথা' আত্মজীবনীটি সম্পর্কে একটি নিবন্ধ প্রস্তুত করো।

★★★

Scanned with OKEN Scanner

2025/FYUG/ODD/SEM/
BNGDSM–101T/019

FYUG Odd Semester Exam., 2025

BENGALI

(1st Semester)

Course No. : BNGDSM–101T

(বাংলা সাহিত্যের ইতিহাস : প্রাচীন ও মধ্যযুগ)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

UNIT—I

১। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'চর্যাপদ' কে আবিষ্কার করেন? 'চর্যাপদ'-এর মোট পদসংখ্যা কত?

(খ) 'চর্যাপদ' কবে, কোথা থেকে প্রথম গ্রন্থাকারে প্রকাশিত হয়?

(গ) বাংলা সাহিত্যের ইতিহাসকে প্রধানত কয়টি যুগে ভাগ করা হয়েছে? 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি বাংলা সাহিত্যের কোন্ যুগের রচনা?

Scanned with OKEN Scanner

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'চর্যাপদ'-এ প্রতিফলিত তৎকালীন সমাজচিত্রের একটি পরিচয় দাও।

(খ) বাংলা সাহিত্যের ইতিহাসে 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের ঐতিহাসিক মূল্য নিরূপণ করো।

UNIT—II

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) মালাধর বসুকে কে, কোন্ উপাধিতে ভূষিত করেন?

(খ) কৃত্তিবাস কোন্ তিথিতে এবং কী বারে জন্মগ্রহণ করেন?

(গ) কাশীরাম দাস কোন্ গ্রামে জন্মগ্রহণ করেন? তাঁর পিতার নাম কী ছিল?

৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'রামায়ণ' অনুবাদের ধারায় কৃত্তিবাসের অবদান সম্পর্কে আলোচনা করো।

(খ) 'মহাভারত' অনুবাদের ধারায় কাশীরাম দাসের শ্রেষ্ঠত্ব যুক্তিসহ প্রতিপন্ন করো।

UNIT—III

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'মনসামঙ্গল' কাব্য-এর পূর্ববঙ্গীয় ধারার দুজন কবির নাম লেখো।

Scanned with OKEN Scanner

(খ) 'চণ্ডীমঙ্গল' কাব্যধারার শ্রেষ্ঠ কবি কে? তাঁর উপাধি কী ছিল? ১০

(গ) ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্যটি কোন্ শতাব্দীতে রচিত হয়? তিনি কোন্ রাজসভার সভাকবি ছিলেন?

৬। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'মনসামঙ্গল' কাব্যধারায় কবি বিজয়গুপ্তের বিশেষত্ব সংক্ষেপে আলোচনা করো। =৪

(খ) 'অন্নদামঙ্গল' কাব্য অবলম্বনে কবি ভারতচন্দ্র রায়ের কৃতিত্ব আলোচনা করো।

UNIT—IV

৭। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) বৃন্দাবনদাস বিরচিত 'চৈতন্যভাগবত'-এ মোট কয়টি খণ্ড রয়েছে? তাঁর পিতার নাম কী?

(খ) 'বৈষ্ণব পদাবলী'তে কোন্ পর্যায়ের পদ রচনায় বিদ্যাপতি অধিকতর কৃতিত্ব দেখিয়েছেন? তিনি কোন্ অঞ্চলের অধিবাসী ছিলেন? =৪

(গ) 'শ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থটি কে রচনা করেছেন? গ্রন্থটি কত শতকে রচিত?

Scanned with OKEN Scanner

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) বৃন্দাবনদাসের 'চৈতন্যভাগবত' সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(খ) বৈষ্ণব সাহিত্যের ধারায় কবি চণ্ডীদাসের কবিকৃতি আলোচনা করো।

UNIT—V

৯। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) আলাওলের যে কোনো দুটি রচনার নাম উল্লেখ করো।

(খ) শাক্তপদাবলীর দুটি প্রধান পর্যায় কী কী?

(গ) দৌলত কাজী রচিত কাব্যের নাম কী? এটি কার পৃষ্ঠপোষকতায় রচিত হয়েছিল?

১০। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) দৌলত কাজীর কাব্য-প্রতিভা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(খ) শাক্তপদ রচনায় কবি কমলাকান্ত ভট্টাচার্যের কবিকৃতির পরিচয় দাও।

★★★

Scanned with OKEN Scanner

2025/FYUG/ODD/SEM/
BNGIDC-101T/022

FYUG Odd Semester Exam., 2025

BENGALI

(1st Semester)

Course No. : BNGIDC-101T

(উনিশ শতকের বাংলা সাহিত্য)

পূর্ণমান : ৭০
উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

UNIT—I

১। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) 'কপোতাক্ষ নদ' কবিতায় উল্লিখিত নদীটি কোন্ দেশে প্রবাহিত ?

(খ) 'চতুর্দশপদী' কবিতায় কয়টি পংক্তি থাকে ?

(গ) 'বঙ্গদেশে এক মান্য বন্ধুর প্রতি' কবিতায় কবি কার প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেছেন ?

Scanned with OKEN Scanner

(ঘ) মাইকেল মধুসূদন দত্তের জন্মসাল কত ?

(ঙ) 'কীর্তির বসতি/ সতত তোমার নামে সুবঙ্গ ভবনে'
—কোন্ কবিতার অংশ ?

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) "যেয়ো না রজনী, আজি লয়ে তারাদলে
গেলে তুমি, দয়াময়ী, এ পরাণ যাবে।"
কোন্ কবিতার পংক্তি ? এখানে 'দয়াময়ী' বলতে কাকে বোঝানো হয়েছে ?

(খ) মধুসূদনের জন্মস্থান কোথায় এবং তাঁর বাড়ি কোন্ নদীর তীরে অবস্থিত ?

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'কৃত্তিবাস' কবিতার বিষয়বস্তু নিজের ভাষায় বর্ণনা করো।

(খ) 'কপোতাক্ষ নদ' কবিতাটির কাব্যসৌন্দর্য আলোচনা করো।

UNIT—II

৪। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) 'বিয়ে পাগলা বুড়ো' প্রহসনটি কত খ্রিস্টাব্দে রচিত হয়েছে ?

(খ) 'বিয়ে পাগলা বুড়ো' প্রহসনের বিয়ে পাগলা বুড়োর নাম কী ছিল ?

(গ) 'বিয়ে পাগলা বুড়ো' প্রহসনটি কবে মঞ্চস্থ করা হয়েছিল ?

(ঘ) দীনবন্ধু ব্যক্তিজীবনে কোন্ বিভাগে কাজ করতেন ?

(ঙ) 'বিয়ে পাগলা বুড়ো'র প্রধান চরিত্রটির নাম লেখো।

৫। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ২

(ক) 'বিয়ে পাগলা বুড়ো' প্রহসনের দুজন পুরুষ চরিত্রের নাম লেখো।

(খ) দীনবন্ধু মিত্রের দুটি নাটকের নাম লেখা।

৬। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) প্রহসন হিসাবে 'বিয়ে পাগলা বুড়ো'-র সার্থকতা বিচার করো।

(খ) 'বিয়ে পাগলা বুড়ো' নাটকের প্রধান দুটি নারীচরিত্র বিশ্লেষণ করো।

Scanned with OKEN Scanner

UNIT—III

৭। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থের প্রবন্ধগুলি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল ?

(খ) 'কমলাকান্তের দপ্তর' কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয় ?

(গ) কমলাকান্তকে কে দুগ্ধ যোগান দিত ?

(ঘ) নারিকেল ফলকে বঙ্কিমচন্দ্র কার সঙ্গে তুলনা করেছেন ?

(ঙ) কমলাকান্ত যে জমিদারের আশ্রয়ে থাকতেন তাঁর নাম কী ?

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) 'বিড়াল' প্রবন্ধে বিড়াল এবং লেখক কোন্ সমাজের প্রতিনিধি ?

(খ) 'বড়বাজার' প্রবন্ধে কোন্ বাজারে লেখক প্রথম গিয়েছিলেন ? সর্বশেষ তিনি কোন্ বাজারে উপস্থিত হয়েছিলেন ?

(Continued)

Scanned with OKEN Scanner

৯। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'বিড়াল' প্রবন্ধে যে সমাজ বাস্তবতার চিত্র উত্থাপিত হয়েছে তা আলোচনা করো।

(খ) 'মনুষ্যফল' প্রবন্ধটির বিষয়বস্তু তোমার নিজের ভাষায় লিপিবদ্ধ করো।

UNIT—IV

১০। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) 'ছুটি' গল্পে ফটিকের ভাইয়ের নাম কী ?

(খ) রতন চরিত্রটি রবীন্দ্রনাথের কোন্ গল্পে রয়েছে ?

(গ) রবীন্দ্রনাথের 'গল্পগুচ্ছ'-এর কয়টি খণ্ড আছে ?

(ঘ) প্রতাপ কী দিয়ে মাছ ধরত ?

(ঙ) সুভার প্রকৃত নাম কী ছিল ?

১১। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ২

(ক) 'ছুটি' গল্পটি কোথায়, কখন প্রকাশিত হয় ?

(খ) 'সুভা' গল্পের সুভার দুই বন্ধুর নাম কী ছিল ?

Scanned with OKEN Scanner

১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'পোস্টমাস্টার' গল্পের পোস্টমাস্টার চরিত্রটি ব্যাখ্যা করো।

(খ) 'দেনাপাওনা' গল্পে লেখক যে সামাজিক ব্যাধির কথা তুলে ধরেছেন তা গল্প অবলম্বনে আলোচনা করো।

UNIT—V

১৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) মাইকেল মধুসূদন দত্তের লেখা মহাকাব্যের নাম লেখো।

(খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের একটি অনুবাদ-গ্রন্থের নাম লেখো।

(গ) রামমোহন রায় রচিত যে কোনো একটি গ্রন্থের নাম লেখো।

(ঘ) 'মেঘনাদবধ কাব্য' কোন্ ছন্দে রচিত হয়?

(ঙ) রাজা রামমোহন রায়ের জন্মসাল কত?

১৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) মাইকেল মধুসূদন রচিত দুটি কাব্যের নাম লেখো।

(খ) মূল 'বেতালপঞ্চবিংশতি' গ্রন্থটি কোন্ ভাষায় রচিত? এই গ্রন্থটি বাংলা ভাষায় কে অনুবাদ করেন?

Scanned with OKEN Scanner

১৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) বাংলা গদ্যের বিকাশে বিদ্যাসাগরের অবদান সম্পর্কে আলোচনা করো।

(খ) বঙ্কিমচন্দ্রের উপন্যাস নিয়ে সংক্ষিপ্ত আলোচনা করো।

★★★

Scanned with OKEN Scanner

2025/FYUG/ODD/SEM/
BNGSEC-101T/020

FYUG Odd Semester Exam., 2025

BENGALI

(1st Semester)

Course No. : BNGSEC-101T

(সংযোগের রূপ-রীতি, পাণ্ডুলিপি প্রস্তুতি ও প্রতিবেদন লেখন)

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ২০

সময় : ২ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

UNIT—I

১। যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) সংযোগবিদ্যা নিয়ে কে সর্বপ্রথম আলোচনা করেন ?

(খ) একক কথন বলতে কী বোঝো ?

(গ) Dialogue-এর বাংলা প্রতিশব্দ কী ?

(ঘ) কোন্ সংযোগে সরাসরি প্রতিক্রিয়া জানতে পারা যায় ?

২। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ২

(ক) *The Mathematical Theory of Communication* বইটি কে, কবে প্রকাশ করেন ?

(খ) মৌখিক সংযোগের দুটি সুবিধা উল্লেখ করো।

Scanned with OKEN Scanner

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) লেখ্য ও মৌখিক সংযোগ সম্পর্কে তুলনামূলক আলোচনা করো।

(খ) সাক্ষাৎকারের বিভিন্ন ধরন নিয়ে আলোচনা করো।

UNIT—II

৪। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) নথিকরণ কাকে বলে ?

(খ) নথি শব্দের ইংরেজি পরিভাষা কী ?

(গ) 'ডিজিটাল' নথির একটি উদাহরণ দাও।

(ঘ) নথি সংরক্ষণের একটি পদ্ধতি উল্লেখ করো।

৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) শব্দধারক ও দৃশ্যধারক যন্ত্র কী ?

(খ) ডিজিটাল আর্কাইভ ও অ্যানালগ আর্কাইভ-এর মধ্যে পার্থক্য কী ?

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) নথিকরণের প্রয়োজনীয়তা বা গুরুত্ব সম্পর্কে আলোচনা করো।

(খ) সারসংক্ষেপ বা সারাংশ লেখার নিয়মগুলি আলোচনা করো।

Scanned with OKEN Scanner

UNIT—III

৭। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) 'Abstract'-এর বাংলা প্রতিশব্দ লেখো।

(খ) পাণ্ডুলিপির ইংরেজি পরিভাষা কী?

(গ) একটি বিরামচিহ্নের নাম লেখো।

(ঘ) ত্রিবিন্দু কী?

৮। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ২

(ক) প্রাচীন ভারতীয় দুটি লিপির নাম উল্লেখ করো।

(খ) পাণ্ডুলিপি সংরক্ষণের দুটি পদ্ধতি উল্লেখ করো।

৯। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) উপাদান অনুযায়ী পাণ্ডুলিপির শ্রেণীবিভাগ করো।

(খ) নিম্নের উক্তিটি সম্প্রসারণ করো :

"পাপকে ঘৃণা করো, পাপীকে নয়।"

UNIT—IV

১০। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) 'Information'-এর বাংলা প্রতিশব্দ লেখো।

(খ) MLA-এর পূর্ণরূপ কী?

(গ) নির্ঘণ্ট মানে কী?

(ঘ) কুম্ভীলকবৃত্তি বা Plagiarism কী?

Scanned with OKEN Scanner

১১। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) তথ্য কত প্রকার ও কী কী ?

(খ) গ্রন্থপঞ্জি কাকে বলে ?

১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) APA স্টাইলের গুরুত্বপূর্ণ নির্দেশিকাগুলি আলোচনা করো।

(খ) প্রাথমিক তথ্য সংগ্রহের পদ্ধতিগুলির পরিচয় দাও।

UNIT—V

১৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) প্রতিবেদনের ইংরেজি প্রতিশব্দ কী ?

(খ) বাণিজ্যিকপত্র কাকে বলে ?

(গ) যিনি প্রতিবেদন লেখেন তাকে কী বলা হয় ?

(ঘ) আবেদনপত্র কাকে বলে ?

১৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) প্রেরক এবং প্রাপক কাদের বলা হয় ?

(খ) টীকা লেখো : ব্যক্তিগতপত্র

১৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) আবেদনপত্রের বৈশিষ্ট্য ও কাঠামো নিয়ে আলোচনা করো।

(খ) দক্ষিণ আসামে পর্যটন শিল্পের সম্ভাবনা সম্পর্কে একটি প্রতিবেদন প্রস্তুত করো।

★★★

Scanned with OKEN Scanner